ঝিনাইদহে নার্সদের ইন্টার্ন ভাতার দাবীতে কর্মবিরতি ও মানববন্ধন

ইন্টার্নকালীন সময়ে ভাতা প্রদানের দাবীতে ঝিনাইদহে কর্মবিরতি ও মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ রোববার (০১ অক্টোবর) সকালে ঝিনাইদহ সদর হাসপাতালের সামনে এ কর্মসূচীর আয়োজন করে বাংলাদেশ ডিপ্লোমা ইন্টার্ন নার্সেস এসোসিয়েশন।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও ইন্টার্ন নার্স ও ইন্টার্নমিডওয়াইফ সেবক-সেবিকারা অংশ নেয়। সেসময় শিক্ষার্থী নাজমুস সাকিব, সুরাইয়া পারভীন রানী, তায়েফ মাহমুদ, তিথি খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, হাসপাতালগুলোতে ইন্টার্নী করার সময় কর্তৃপক্ষ কোন প্রকার ভাতা প্রদাণ করেন না। কিন্তু দিন-রাত পরিশ্রম করে সেবা দিতে হচ্ছে তাদের। তাই ইন্টার্ন চলাকালীন সময়ে ভাতা প্রদাণের দাবী জানান তারা। দ্রুত এই দাবী মানা না হলে পরবর্তীতে অনির্দিষ্টকালের কর্মবিরতির হুশিয়ারি দেওয়া হয় মানববন্ধন থেকে। সকাল ১০ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত কর্মবিরতি পালন করে তারা। এতে ভোগান্তিতে পড়ে হয় রোগীদের।